

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কার্যালয়  
সমাজসেবা অধিদফতর  
ময়মনসিংহ


বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : তাপস ফলিয়া  
অতিরিক্ত পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ  
তারিখ : ১৪ নভেম্বর ২০২২  
সময় : সকাল- ১১.৩০ ঘটিকা  
স্থান : সভাকক্ষ, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ  
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় অত্র কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.১ কর্মপরিবেশ উন্নয়ন	আগত সেবাপ্রত্যাশীদের সাথে সৌজন্যমূলক আচরণ করতে হবে। নিজেদের মধ্যে আন্তরিক হৃদ্যতা পূর্ণ সম্পর্ক বজায় রাখার বিষয়ে আলোচনা হয়। নিজ অফিস কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।	ক) আগত সেবাপ্রত্যাশীদের সাথে ভাল আচরণ করতে হবে। খ) অফিসের অভ্যন্তরীণ কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে পারস্পরিক হৃদ্যতাপূর্ণ সম্পর্ক বজায় রাখা, সহকর্মীদের সাথে উত্তম আচরণের চর্চা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত হয়। গ) নিজ অফিস কক্ষ সপ্তাহে অন্তত: ১ দিন নিজেই পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী
১.২ মহিলা সহকর্মী ও আগত সেবা প্রত্যাশীদের জন্য আলাদা WASH Room	মহিলা সহকর্মী ও আগত সেবা প্রত্যাশীদের জন্য অফিসের অভ্যন্তরে আলাদা WASH Room এর ব্যবস্থা করা।	অফিসের অভ্যন্তরে মহিলা সহকর্মী ও আগত সেবা প্রত্যাশীদের জন্য আলাদা WASH Room এর ব্যবস্থা করা সহ "শুধুমাত্র মহিলাদের জন্য" লেখা সম্বলিত স্টিকার দিয়ে মার্কিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	এপিএ শাখা/ সদস্য সচিব
১.৩ স্বাস্থ্যবিধি অনুসরণ	সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করার বিষয়ে আলোচনা হয়।	স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং এ সংক্রান্ত লিফলেট/স্টিকার দৃশ্যমান স্থানে টানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল কর্মকর্তা/কর্মচারী
১.৪ বিবিধ আলোচনা	যথাসময়ে সভা আহ্বান করতে হবে।	যথাসময়ে সভা আহ্বানের নিমিত্ত নথি উপস্থাপন করতে হবে।	সদস্য সচিব

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
তাপস ফলিয়া  
অতিরিক্ত পরিচালক  
ও  
সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি  
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ